



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/বি/১৫/নতুন/ময়মন/৩১০

তারিখ : ০৪/০২/২০২৫ খ্রি.

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ১৯/১২/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত মঞ্জুরী কমিটির ১০ম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে “চেচুয়া ল্যাবরেটরী জুনিয়র স্কুল”-কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ০১/০১/২০২৫ খ্রি. হতে ৩১/১২/২০২৭ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ :

- এই অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মাণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- সংরক্ষিত ও সাধারণ তহবিলে যথাক্রমে ২,০০,০০০/- (দুই লক্ষ) ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের অর্থ বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না।
- পত্র ইস্যুর তারিখ হতে ০১ (এক) মাসের মধ্যে প্রবিধানমালা ২০২৪ এর ৬২ প্রবিধি অনুযায়ী নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপরিকল্পনা গ্রহণ করে শৈশিকক্ষে পাঠদান করতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়াউঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- সরকারি নির্ধারিত কারিকুলাম ব্যতীত অন্য কোন কারিকুলাম বা পাঠ্যক্রম অনুসরণ করা যাবে না।
- পাঠদানের প্রাথমিক অনুমতির মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ০৪(চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে।
- নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা যৌথ নামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।
- উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

(ড. মোঃ দিদারুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক

চেচুয়া ল্যাবরেটরী জুনিয়র স্কুল

ডাকঘর: চেচুয়া বাজার, উপজেলা: মুন্সীগাছা, জেলা: ময়মনসিংহ।

স্মারক নং- মশিবো/বি/১৫/নতুন/ময়মন/৩০৭ (১২)

তারিখ : ০৪/০২/২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
১৫. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
১৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
১৭. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১৮. উপজেলা নির্বাহী অফিসার, মুন্সীগাছা, ময়মনসিংহ।
১৯. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
২০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মুন্সীগাছা, ময়মনসিংহ।
২১. সভাপতি, পরিচালনা কমিটি, চেচুয়া ল্যাবরেটরী জুনিয়র স্কুল, মুন্সীগাছা, ময়মনসিংহ।
২২. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ (বোর্ডের ওয়েবসাইটে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
২৩. পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২৪. অফিস কপি।

০৪.০২.২০২৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।